মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার পালন

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) বিকেল তিনটার সময় বাংলাদেশ শিশু একাডেমি মেহেরপুরের আয়োজনে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সহকারী কমিশনার নাদির হোসেন শামীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নুর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ পরিদর্শক বজলুর রহমান, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, মেহেরপুর জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব হোসেন, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীর প্রমুখ।

এ সময় বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন

শিশুর জন্য বিনিয়োগ করি ভবিষ্যতের বিশ্ব গড়ি প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার সকাল সাড়ে দশটার সময় বাংলাদেশ শিশু একাডেমি চুয়াডাঙ্গা জেলার আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবারো চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়।

বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০২৩ এর শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। র্যালি পরবর্তী আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক বলেন, আজকের শিশু আগামী দিনের ভবিষ্যতে। এই ভবিষ্যত প্রজন্ম নেতৃত্ব গড়ে উঠবে আগামী দিনের সুন্দর বাংলাদেশ। শিশু সুরক্ষা ও শিশুদের মেধা বিকাশে ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিশুদের সুরক্ষা জন্য বাংলাদেশ আইন ব্যবস্থা চালু আছে।কোথাও কোন শিশু কোন প্রকার নির্যাতন বা নিপিড়নের শিকার না হয় সেদিকে আমাদের লক্ষ রাখতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা জেলা শিশু একাডেমির শিশু বিষয়ক কর্মকর্তা আফসানা ফেরদৌসি, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার শহিদুল আলম সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

কুষ্টিয়ায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের আলোচনা সভা

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেছেন, সুষ্ঠু পরিকল্পনা ও সঠিক দিকনির্দেশনার মাধ্যমেই শিশুদের পরিপূর্ণ বিকাশ সম্ভব। তিনি বলেন, শিশুদের কল্যাণ, সুরক্ষা ও অধিকার নিশ্চিত করে তাদের জাঁতি গঠনের উপযোগী করে গড়ে তুলতে হবে। তাই শিশুশ্রম বন্ধে ১৪ বছরের কম শিশুদের সমস্যা চিহ্নিত করে সেগুলোর সমাধান করতে হবে বলেও জানান তিনি।

সোমবার সকালে (২ অক্টোবর) কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, আজকের শিশুরাই আগামীর ভবিষ্যত। আর তাই শিশুদের সুন্দর আগামী প্রতিষ্ঠার কারিগর হিসেবে গড়ে তুলতে এখন থেকেই কাজ করতে হবে।

অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তারের সভাপতিত্বে বক্তব্য রাখেন কুষ্টিয়ার পুলিশ সুপার এএইচএম আব্দুর রকিব, জেলা শিশু একাডেমী কুষ্টিয়ার কর্মকর্তা মখলেসুর রহমান ও সচেতন নাগরিক কমিটি (সনাক) র সভাপতি হাজী রফিকুল আলম টুকু প্রমুখ।
আলোচনা সভা শেষে আয়োজিত অনুষ্ঠানে শিশুরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রকারীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন।

এরআগে “শিশুর জন্য বিনিয়োগ করি, ভবিষ্যতের বিশ্ব গড়ি” প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্র শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদযাপন

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ -২০২৩ উদযাপন উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

জেলা শিশু একাডেমির আয়োজনে আজ সোমবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে “শিশুদের জন্য বিনিয়োগ করি, ভবিষ্যতের বিশ্ব গড়ি” এই প্রতিপাদ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।



আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আব্দুল কাদির মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন-অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অথ) কামরুল আহসান, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন। এর আগে জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের নেতৃত্বে একটি র্যালি শিশু একাডেমি চত্বর থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে গিয়ে শেষ হয়।

মুজিবনগরে গুডনেইবারর্স এর উদ্যোগে বিশ্ব শিশু দিবস পালন

প্রতিটি শিশুর জন্য বিশ্ব শিশু দিবসে চাই সমতা এবং অন্তর্ভুক্তি, চাই বিশ্বের জন্য ভাল পরিবর্তন এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে গুডনেইবারর্স এর উদ্যোগে র্যালী, আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতার মধ্য দিয়ে পালন করা হয়েছে বিশ্ব শিশু দিবস।

দিবসটি উপলক্ষে রবিবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই বিশ্ব শিশু দিবস উপলক্ষে অফিস চত্বর থেকে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি সড়ক প্রদক্ষিণ শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, সিডিপি এর এডমিন অফিসার লরেন্স ঢালী, সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ,সিডিপি এর মেডিক্যাল অফিসার ডাক্তার ইয়াসিন আল বাশার,সিডিপির সদস্য ও সমবায় সমিতির চেয়ারম্যান রেহেনা খাতুন। অনুষ্ঠানের শুরুতেই বিশ্ব শিশু দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন সিনিয়র এডমিন